# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**24-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে বিপুল ভোটে জয়ী বিজেপি । দলীয় প্রার্থী দেবাংশু পান্ডা নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআইএম-এর শম্ভুনাথ কুর্মি-কে ১ লক্ষেরও বেশি ভোটে হারিয়েছেন।

এই জয়ের ফলে বিধানসভায় বিজেপি-র আসন সংখ্যা দাঁড়ালো ২০৮-এ।

২) পশ্চিমবঙ্গে অবৈধ অনুপ্রবেশকারীদের জন্য জেলায় জেলায় 'হোল্ডিং সেন্টার' গড়ে তোলার নির্দেশ রাজ্য সরকারের।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল নতুন দিল্লিতে ২০২৬-এর পদ্ম পুরস্কার প্রদান করবেন।

৪) বিজেপি-র রাজ্য সভাপতি ও সাংসদ শমিক ভট্টাচার্য সমাজের সর্বস্তরে শিক্ষার আলো পৌঁছে দেওয়ার আহ্বান জানিয়েছেন।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির পূর্বাভাষ।

৬) ইডেনে আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স টসে জিতে দিল্লি ক্যাপিটালসকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়েছেন বিজেপি প্রার্থী দেবাংশু পান্ডা। তার প্রাপ্ত ভোট ১ লক্ষ ৪৯ হাজার ৬৬৬। নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআইএম প্রার্থী শম্ভুনাথ কুর্মি-কে ১ লক্ষ ৯ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেছেন তিনি। শম্ভুনাত পেয়েছেন ৪০ হাজার ৬৪৫-টি ভোট। তৃতীয় স্থানে রয়েছেন কংগ্রেসের আব্দুর রেজ্জাক মোল্লা, তার প্রাপ্ত ভোট ১০ হাজার ৮৪। ৭ হাজার ৭-শোর বেশি ভোট পেয়ে চতুর্থস্থানে রয়েছেন তৃণমূল কংগ্রেসের জাহাঙ্গির খান।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

২১-শে মে এই কেন্দ্রে পুনর্নির্বাচনে ভোট নেওয়া হয়। ৮৮ শতাংশের বেশি ভোট পড়ে এই কেন্দ্রে।

এই কেন্দ্রে জয়লাভের ফলে বিধানসভা নির্বাচনে বিজেপি-র আসন সংখ্যা হলো – ২০৮। এই জয়ের জন্য ফলতাবাসীকে ধন্যবাদ জানিয়েছেন বিজেপি প্রার্থী দেবাংশু পান্ডা।

(বাইট – দেবাংশু)

বিজেপি-র জয়ী প্রার্থীকে অভিন্দন জানিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন সোনার ফলতা গড়ার জন্য তাঁর সরকার দায়বদ্ধ। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি লেখেন, আগামী নির্বাচনে নোটার সঙ্গে তৃণমূল কংগ্রেসকে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। তৃণমূল কংগ্রেসের ডায়মন্ডহারবার মডেল কার্যত ধুলিসাৎ হয়েছে বলে কটাক্ষ করেন তিনি। এই জয় তোলাবাজি, দুর্নীতি, সিন্ডিকেট, থ্রেট কালচারে বিরুদ্ধে সাধারণ মানুষের জয় বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেছেন, গণতন্ত্রের জয় হয়েছে। জয়ী হয়েছে ফলতার মা-বোনেরা।

(বাইট – অগ্নিমিত্রা)

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, আগামী দিনে রাজ্যে বামপন্থার পুনরুত্থান হবে, ফলতার ফলাফলেই তা স্পষ্ট।

(বাইট – সেলিম)

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, ফলতার মানুষের রায় তারা মাথা পেতে নিয়েছেন। তবে, চারপাশে ধর্মীয় মেরুকরণের রাজনীতি চলছে। এর বিরুদ্ধে কংগ্রেস সর্বদা লড়াই করবে।

প্রদেশ কংগ্রেসের মুখ্যপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, এই নির্বাচনে তথাকথিত ডায়মন্ডহারবার মডেল সন্ত্রাসের মডেল, ভোটচুরির মডেলের সমাপ্তি ঘটেছে।

(বাইট – সৌম্য আইচ রায়)

ooooooooooooooooooooooooo

বিধানসভা ভোটে জনতার রায়ে নয়, পরিকল্পনা করেই তৃণমূল কংগ্রেসকে হারানো হয়েছে বলে প্রাক্তন মুখ্যমন্ত্রী, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী ফের অভিযোগ করেছেন। চৌঠা মে নির্বাচনের ফল প্রকাশের প্রায় তিন সপ্তাহর পর আজ সামাজিক মাধ্যমে ভিডিও বার্তায় তৃণমূল কংগ্রেস নেত্রী নির্বাচন কমিশনের বিরুদ্ধে তথ্য চুরির অভিযোগ করেন। তাঁর দাবি ২২০ থেকে ২৩০-টি আসন পাওয়ার কথা ছিল তৃণমূল কংগ্রেসের। ভবানীপুরেও তাঁকে জোর করে হারানো হয়েছে। ইভিএম-এ কার্চুপি হয়েছে বলেও তাঁর অভিযোগ। তিনি বলেন, ফল প্রকাশের পর থেকেই দলীয় নেতা-কর্মীদের ওপর নানাভাবে আক্রমণ হয়েছে। তৃণমূল কংগ্রেসের আমলে চালু হওয়া প্রকল্পের সমালোচনা করে বিজেপি বর্তমানে নাম বদল করে সেই প্রকল্পই চালু রাখছে বলে মন্তব্য করেন তিনি।

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে অবৈধ অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের রাখার জন্য জেলায় জেলায় ‘হোল্ডিং সেন্টার’ বা অস্থায়ী আবাসন গড়ে তোলার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ২০২৪-এর ৩১-শে ডিসেম্বরের পরে যারা অবৈধভাবে কাঁটাতার পেরিয়ে এদেশে ঢুকেছে তাদের চিহ্নিত করে এই হোল্ডিং সেন্টারে রাখা হবে। পাশাপাশি একই অভিযোগে যারা ধরা পড়েছিল বা বন্দী ছিল, যাদের দেশের বাইরে পাঠানোর প্রক্রিয়া চলছে, তাদেরও সেখানে রাখা যাবে। স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের তরফে এসংক্রান্ত একটি জরুরী নির্দেশিকা সব জেলাশাসক, পুলিশ সুপার, রাজ্য পুলিশের ডিজি এবং কলকাতা সহ সব পুলিশ কমিশনারেটে পাঠানো হয়েছে। জেলাশাসকদের অবিলম্বে এই সেন্টারগুলি গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

এদেশে অবৈধভাবে থাকার অপরাধে আটক হওয়া বাংলাদেশি এবং রোহিঙ্গা নাগরিকদের প্রত্যর্পণ বা নিজেদের দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া সুনির্দিষ্ট করতেই এই উদ্যোগ।

২০২৫-এর দোসরা মে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ফরেনার্স ডিভিশন, রোহিঙ্গা এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নিয়ে ৮ পাতার একটি নির্দেশিকা জারি করেছিল। সেখানে অনুপ্রবেশকারীদের রাখার জন্য ওই হোল্ডিং সেন্টার তৈরির করার কথা বলা হয়।

**উল্লেখ্য,** অবৈধ অনুপ্রবেশকারীদের ক্ষেত্রে নব নির্বাচিত বিজেপি সরকার, ডিটেক্ট, ডিলিট এবং ডি-পোর্ট নীতি নিয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সম্প্রতি নবান্ন থেকে সাংবাদিক বৈঠক করে জানান, যারা সিএএ বা সংশোধিত নাগরিকত্ব আইনের অন্তর্ভুক্ত নন, তাঁদের অবিলম্বে চিহ্নিত করে সরাসরি তুলে দেওয়া হবে সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর হাতে। বিএসএফ তাঁদের সংশ্লিষ্ট দেশে ফেরত পাঠানোর কাজ করবে।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল সব দপ্তরের সচিব এবং প্রজেক্ট ডিরেক্টরকে নিয়ে নবান্ন সভার ঘরে বৈঠকে বসবেন। সব দপ্তরের উন্নয়নমূলক প্রকল্পগুলি পর্যালোচনা করার জন্য এই বৈঠক বলে নবান্ন সূত্রে খবর।

মঙ্গলবার মুখ্যমন্ত্রী নদীয়ার কল্যাণীতে প্রশাসনিক বৈঠক করবেন। কল্যাণী এপিজে আবদুল কালাম অডিটোরিয়ামের এই বৈঠকে উপস্থিত থাকবেন হুগলী, নদীয়াও উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসনিক আধিকারিকরা।

ooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের বারাসাত জেলা সভাপতি পদ থেকে ইস্তফা দিয়েছেন সাংসদ কাকলি ঘোষ দস্তিদার। দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সিকে পাঠানো চিঠিতে তিনি লিখেছেন, বারাসাতে দলের পরাজয়ের নৈতিক দায় নিয়ে জেলা সভাপতির পদ

ছাড়ছেন তিনি। একই সঙ্গে ভূইফোঁড় সংস্থার বদলে পুরনো নিষ্ঠাবান কর্মীদের নিয়ে কাজ করার জন্য দল নেত্রী মমতা ব্যানার্জীর কাছে অনুরোধ করেছেন তিনি ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আগামীকাল নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে ২০২৬-এর পদ্ম পুরস্কার প্রদান করবেন। এবছর পাঁচজন পদ্মবিভূষণ, **১৩** জন পদ্মভূষণ এবং **১১৩** জন পদ্মশ্রী পাচ্ছেন। এরাজ্যে সাহিত্য, সংস্কৃতি, চলচ্চিত্র, সঙ্গীত, নাট্য চর্চা ইত্যাদি ক্ষেত্রে অসাধারণ অবদানে স্বীকৃতি স্বরূপ **১১** জন পদ্মশ্রী পাচ্ছেন। এর মধ্যে শিক্ষা ও সাহিত্যে অশোক কুমার হালদার, গম্ভীর সিং ইয়ানজনে, মহেন্দ্রনাথ রায়, রবিলাল টুডু পদ্মশ্রী সম্মান পাচ্ছেন।

এছাড়াও রয়েছেন, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা প্রসেনজিৎ চ্যাটার্জী, তবলাবাদক কুমার বোস, সঙ্গীতঙ্গ তরুণ ভট্টাচার্য, খাদি-জামদানি শাড়ির তন্তুবায় জ্যোতিশ দেবনাথ, ক্যান্সার বিশেষজ্ঞ ডাক্তার সরোজ মন্ডল, চারু ও হস্তশিল্পের ক্ষেত্রে তৃপ্তি মুখার্জী প্রমুখ।

নট ও নাট্যকার প্রয়াত হরিমাধব মুখোপাধ্যায় মরণোত্তর পদ্মশ্রী পাচ্ছেন।

কালনার মসলিন শিল্পী জ্যোতিশ দেবনাথ জানিয়েছেন, পূর্ব পুরুষদের কাছ থেকেই এই কাজ শিখেছেন। মসলিন কাপড়ের বিশ্বব্যাপী চাহিদা থাকায় নতুন প্রজন্ম এই শিল্পের প্রতি আগ্রহী বলে জানান তিনি।

(বাইট – জ্যোতিশ দেবনাথ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। এক লক্ষ কুড়ি হাজারের বেশি পরীক্ষার্থী ২ শো ৬৭ টি কেন্দ্রে পরীক্ষা দিয়েছেন। প্রথমপত্রে অঙ্ক ও দ্বিতীয়পত্রে পদার্থবিদ্যা ও রসায়নের

পরীক্ষা হয়। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হলেও অঙ্কের প্রশ্ন নিয়ে পরীক্ষার্থীদের একাংশ ক্ষোভ প্রকাশ করেন। তাঁদের অভিযোগ, নির্ধারিত সময়ের তুলনায় অঙ্কের প্রশ্ন বড় করা হয়েছে।

oooooooooooooooooooooooo

বিজেপির রাজ্য সভাপতি ও সাংসদ শমীক ভট্টাচার্য সমাজের সর্বস্তরে শিক্ষার আলো পৌঁছে দেওয়ার আহবান জানিয়েছেন। বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে আজ দলের পক্ষ থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের কৃতি ছাত্র ছাত্রীদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে তিনি বলেন,এই ছাত্র ছাত্রীরা একদিন নিজেদের ডাক্তার বা ইঞ্জিনিয়ার হিসেবে সমাজে প্রতিষ্ঠিত করবে। তবে রাজ্যে এখনো বহু মানুষের কাছে শিক্ষার আলো পৌঁছায়নি। এই সমাজ প্রত্যেক মানুষকে বিকাশের সম্পূর্ণ সুযোগ দেয়। তাই সমাজের সব স্তরের মানুষকে শিক্ষিত করে তোলার জন্য এই কৃতি ছাত্র ছাত্রীদেরকেও দায়িত্ব নিতে তিনি আবেদন জানান। শ্রী ভট্টাচার্য জানান, নতুন শিক্ষানীতি অনুযায়ী কোন ছাত্রকে সিলেবাসের বেড়াজালে আটকে থাকতে হবে না। প্রত্যেকে তার পছন্দ অনুযায়ী শিক্ষা গ্রহণ করতে পারবে। পদার্থবিদ্যা রসায়ন ও অংকের পাশাপাশি তারা মাতৃভাষাতেও শিক্ষা গ্রহণ করতে পারবে।

oooooooooooooooooooooo

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতর জনিয়েছে। এরফলে ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে। তবে তার আগে অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে এবং পশ্চিমে জেলাগুলিতে তাপমাত্রা বেশি থাকবে।

অন্যদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দুদিন ভারী বৃষ্টির সম্ভাবনা থাকলেও ২৭ তারিখ থেকে তা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালস এর মুখোমুখি হয়েছে। কলকাতা টসে জিতে দিল্লিকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবর পর্যন্ত দিল্লি ৫ ওভার ২ বলে ১ উইকেট হারিয়ে ৪৩ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০